



বানী



সু-শিক্ষাই জাতির মেরুদণ্ড। যে জাতি যত শিক্ষিত সে জাতি তত উন্নতির পথে এগিয়ে যাচ্ছে। ব্যক্তির সার্বজনীন গুণাবলির বিকাশ ও মানবসম্পদ উন্নয়নে শিক্ষার ভূমিকা সর্বাঙ্গে। জাতির উন্নয়নের মূল চালিকা শক্তিই হচ্ছে শিক্ষা। শিক্ষা ব্যবস্থার মধ্যেই প্রতিফলিত হয় জাতীয় আশা আকাঙ্ক্ষা, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক জীবন প্রবাহ। বাংলাদেশকে উন্নত দেশের কাতারে পৌঁছে দিতে পারে একমাত্র অত্যাধুনিক শিক্ষা ব্যবস্থা। ফাইয়াজ স্কুল এন্ড কলেজ রংপুর বিভাগের একটি ব্যতিক্রমধর্মী শিক্ষা প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানটি আগামী দিনে অত্র অঞ্চলের সীমানা পেরিয়ে দেশ-বিদেশের মাটিতে সোনার বাংলার মা, মাটি ও মানুষের মাথা উঁচু করে রাখবে, ইনশাআল্লাহ।

ফাইয়াজ পরিবারের অঙ্গীকার হচ্ছে, শিশু-কিশোরদেরকে শারীরিক ও মানসিক বিকাশ সাধন করা এবং তাদের দক্ষ নাগরিক হিসেবে গড়ে তোলা। অত্র প্রতিষ্ঠানটিকে পর্যায়ক্রমে এগিয়ে নিতে এ পদযাত্রায় সম্মানিত সকল সূধীজন, শিক্ষানুরাগী ব্যক্তি ও অভিভাবকদের অকুণ্ঠ সমর্থন, সার্বিক সহযোগিতা, পরামর্শ একান্তভাবে কামনা করছি।

মো. জাহিরুল ইসলাম (দুলাল)

অধ্যক্ষ

ফাইয়াজ স্কুল এন্ড কলেজ, রংপুর

প্রাক্তন অধ্যক্ষ, জাহেদা খাতুন গার্লস স্কুল এন্ড কলেজ, রংপুর।